

তারিখ: ১৯ জুলাই ২০২৬
০৪ শ্রাবণ ১৪৩৩

আরসিডি সার্কুলার নম্বর: ১২২/২৬

সকল মহাব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক
একান্ত সচিব, এমডি এবং সকল উপব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক পিএলসি.
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারি কোম্পানি।

বিষয় : পার্সোনাল লোনের বিদ্যমান সর্বোচ্চ সিলিং ২০.০০ (বিশ) লক্ষ টাকা হতে ৪০.০০ (চল্লিশ) লক্ষ টাকা এবং মেয়াদ ০৫ (পাঁচ) বছর হতে ০৮ (আট) বছরে উন্নীতকরণ।

উপর্যুক্ত বিষয়ে পার্সোনাল লোন সংক্রান্ত আরসিডি সার্কুলার নং: ১১৯/২৫ তারিখ: ০৪/১১/২০২৫ এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো। বিআরপিডি-১, সার্কুলার লেটার নং: ১৫ তারিখ ০৫ মে, ২০২৬, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর ৩ নং ক্রমিকে জামানত বিহীন পার্সোনাল লোনের সর্বোচ্চ সীমা ১০.০০ (দশ) লক্ষ টাকা এবং উপযুক্ত জামানতের বিপরীতে পার্সোনাল লোনের সর্বোচ্চ সীমা ৪০.০০ (চল্লিশ) লক্ষ টাকায় উন্নীত করা হয়। এছাড়াও বিআরপিডি-১, সার্কুলার লেটার নং: ২১ তারিখ ২৫ জুন, ২০২৬, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর ৩ নং ক্রমিকে পার্সোনাল লোনের মেয়াদ সর্বোচ্চ ৮ (আট) বছর নির্ধারণ করা হয়েছে। বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত নির্দেশনার আলোকে পার্সোনাল লোনের কতিপয় ধারা পরিবর্তনের/সংযোজনের প্রস্তাব গত ১৪/০৭/২০২৬ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৮৯৪তম সভায় উপস্থাপন করা হলে তা অনুমোদিত হয়। পরিবর্তিত/সংযোজিত ধারা নিম্নে প্রদত্ত হলো :-

২.০০। পার্সোনাল লোন সংক্রান্ত আরসিডি সার্কুলার নং: ১১৯/২৫ তারিখ: ০৪/১১/২০২৫ এ বর্ণিত অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত রেখে নিম্নোক্ত শর্তাবলী পরিপালনের জন্য আপনাদেরকে অনুরোধ জানানো হলোঃ

ক. ঋণের সিলিং : গ্রাহক প্রতি সর্বোচ্চ ঋণসীমা ৪০.০০ (চল্লিশ) লক্ষ টাকা। (তবে ১০.০০ (দশ) লক্ষ টাকার অধিক ঋণের ক্ষেত্রে উপযুক্ত জামানত হিসেবে আরসিডি সার্কুলার নং ১১৯/২৫ তারিখ: ০৪/১১/২০২৫ এর ২.০৭ অনুচ্ছেদে বর্ণিত শর্তাবলীসহ অন্য কোন বিধি-নিষেধ আরোপিত না থাকলে প্রভিডেন্ট ফান্ড অথবা ওয়েজ আর্নাস ডেভেলপমেন্ট বন্ড/আইসিবি ইউনিট সার্টিফিকেট/বিভিন্ন ডিপোজিট স্কীম/এফডিআর হিসাবের স্থিতি প্রেজ/লিয়েন রেখে Face Value/স্থিতির ৮০% পর্যন্ত ঋণ প্রদান করা যাবে।)

খ. ঋণের মেয়াদ : ঋণ পরিশোধের মেয়াদ সর্বোচ্চ ০৮ (আট) বৎসর বা চাকরির মেয়াদকাল (পিআরএলসহ) পর্যন্ত। চাকরির মেয়াদকাল ০৮ (আট) বৎসর এর কম থাকলে আনুপাতিক হারে ঋণসীমা নির্ধারণ করতে হবে।

গ. ঋণ মঞ্জুরি ক্ষমতা : ক. শাখা ব্যবস্থাপক (এসও/পিও) : ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত
খ. শাখা ব্যবস্থাপক (এসপিও) : ২০.০০ লক্ষ টাকা পর্যন্ত
গ. এজিএম : ২৫.০০ লক্ষ টাকা পর্যন্ত
ঘ. ডিজিএম : ৩০.০০ লক্ষ টাকা পর্যন্ত
ঙ. জিএম : ৪০.০০ লক্ষ টাকা পর্যন্ত

বেতন ভাতাদি যে শাখায় জমা হয় শুধুমাত্র সে শাখা হতে ঋণ প্রদান করা যাবে।

বিষয় : পার্সোনাল লোনের বিদ্যমান সর্বোচ্চ সিলিং ২০.০০ (বিশ) লক্ষ টাকা হতে ৪০.০০ (চল্লিশ) লক্ষ টাকা এবং মেয়াদ ০৫ (পাঁচ) বছর হতে ০৮ (আট) বছরে উন্নীতকরণ।

৩.০০। উল্লেখ্য, প্রভিডেন্ট ফান্ড অথবা বন্ড/সার্টিফিকেট/এফডিআর/ডিপোজিট স্কিমের বিপরীতে ঋণ প্রদান করা হলে আরসিডি সার্কুলার নং: ১১৯/২৫ তারিখ: ০৪/১১/২০২৫ এর ২.০৮ অনুচ্ছেদে বর্ণিত চার্জ ডকুমেন্টস এর পাশাপাশি নিম্নোক্ত দলিলাদি গ্রহণ করতে হবেঃ

ক) প্রভিডেন্ট ফান্ড/গ্র্যাচুইটি হিসাবে লিয়েনের ক্ষমতা প্রদানের পাশাপাশি ঋণগ্রহীতা কর্তৃক ব্যাংক কর্তৃপক্ষকে এ মর্মে ক্ষমতা প্রদান করে Letter of Authority দিতে হবে যে, তার ঋণের বকেয়া টাকা প্রভিডেন্ট ফান্ড/গ্র্যাচুইটি বা গ্রাহকের অন্য কোন আর্থিক সুবিধা হতে কর্তৃপক্ষ সমন্বয় করতে পারবে।


খ) ডিপোজিট স্কিম হিসাবধারীদের ক্ষেত্রে Agreement for Lien of respective deposit scheme Account.


গ) স্থায়ী আমানতের রশিদ ও গ্রহণযোগ্য অন্যান্য সিকিউরিটির ক্ষেত্রে Agreement for Pledge of Security.

ঘ) ঋণ পরিশোধে ব্যর্থ হলে বিভিন্ন ডিপোজিট স্কিম/স্থায়ী আমানতের রশিদ/ওয়েজ আর্নাস ডেভেলপমেন্ট বন্ড/আইসিবি ইউনিট সার্টিফিকেট প্রভৃতি নগদায়ন করে ঋণ হিসাব সমন্বয় করা যাবে মর্মে ক্ষমতা প্রদান করে ব্যাংকের বরাবরে ঋণগ্রহীতা কর্তৃক প্রদত্ত লেটার অব অথরিটি (সাদা কাগজে)।

এমতাবস্থায়, উপরে বর্ণিত নীতিমালা ও শর্তাবলী যথাযথভাবে পরিপালনপূর্বক এ কর্মসূচীর আওতায় ঋণ বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো।

আপনার বিশ্বস্ত,


19.07.2026
নাজনীন ফারহানা
উপ-মহাব্যবস্থাপক


19.07.24
মো: আব্দুল মতিন
মহাব্যবস্থাপক